

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
অডিট শাখা-২  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
www.tmed.gov.bd



স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.১৪২.১৬.০৩৫.২০-৭৯

তারিখ: ২৮ শ্রাবণ ১৪২৮

১২ আগস্ট ২০২১

বিষয়: গাজীপুর জেলার কাপাসিয়া উপজেলাধীন উজলী দিঘীরপাড় জামেউল উলুম আলিম মাদ্রাসা -এর পরিদর্শন ও নিরীক্ষা প্রতিবেদনের ব্রডশীট জবাবের ১৩(গ) ও ১৩(ঘ) নং অনুচ্ছেদের উপর টিএমইডি এর নির্দেশনা প্রতিপালনপূর্বক প্রমাণকসহ বিএসআর প্রেরণ।

সূত্র: ০১. টিএমইডি এর স্মারক নং-৫৭.০০.০০০০.১৪২.১৬.০৩৫.২০২০-৮১, তারিখ: ২২.০৩.২০২০ খ্রি।

০২. " ৫৭.০০.০০০০.১৪২.০৬.০৩৫.২০২০-৫৩, তারিখ: ২২.১০.২০২০ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রসমূহ স্মারকের প্রেক্ষিতে গাজীপুর জেলার কাপাসিয়া উপজেলাধীন উজলী দিঘীরপাড় জামেউল উলুম আলিম মাদ্রাসা -এর পরিদর্শন প্রতিবেদনের উপর অনুসরণীয় নির্দেশনা দিয়ে টিএমইডি হতে ডিজি, ডিএমই-কে পত্র প্রেরণ করা হয়।

০২. উল্লেখিত পত্রে ডিআইএ কর্তৃক পরিদর্শন প্রতিবেদনের অনুচ্ছেদ ১৩(গ) ও ১৩(ঘ) এ বর্ণিত আপত্তি নিম্নরূপ:

বিএসআর এর ক্র: নং	ডিআইএ এর আপত্তি	প্রতিষ্ঠান প্রধানের জবাব	ডিইও এর জবাব	ডিজি, ডিএমই এর সুপারিশ	টিএমইডি এর নির্দেশনা
১	২	৩	৪	৫	৬
১৩(গ)	সহকারী শিক্ষক জনাব মো: আমিনুল হক কর্তৃক গৃহীত ২৪,৮৮০/- টাকা ফেরতের সুপারিশ আবাস্তবায়িত।	সহকারী শিক্ষক জনাব মো: আমিনুল হক গত ০১/০১/১৯৭৫ তারিখে বর্ণিত মাদ্রাসায় যোগদান করেন। ০১/০১/১৯৮২ তারিখের পরিপত্র মোতাবেক তিনি ১২ বছর পূর্তিতে উচ্চতর স্কেল/বি.এড স্কেল গ্রহণ করেন এবং পরবর্তীতে ১৯৯৫ তারিখে একই স্কলে ৮ বছর পূর্তিতে টাইম স্কেল প্রাপ্য হন বিধায় তার নামে উত্তোলিত ২৪,৮৮০/- টাকা অফেরৎযোগ্য। তিনি গত ৩১/০৫/২০০৭ তারিখে অবসর গ্রহণ করেন।	জবাব গ্রহণ করা যেতে পারে।	সহকারী শিক্ষক জনাব মো: আমিনুল হক কর্তৃক গৃহীত ২৪,৮৮০/- টাকা ট্রেজারি চালানের মাধ্যমে সরকারি কোষাগারে জমা প্রদানপূর্বক ট্রেজারি চালানের কপি উপস্থাপন করার শর্তে আপত্তি নিষ্পত্তি করা যেতে পারে।	সহকারী শিক্ষক জনাব মো: আমিনুল হক কর্তৃক গৃহীত ২৪,৮৮০/- টাকা ট্রেজারি চালানের মাধ্যমে সরকারি কোষাগারে ফেরত প্রদানপূর্বক প্রমাণকসহ অনলাইন কপি (সিটিআর)সহ বিএসআর আগামী ০৭/০৪/২০২০ তারিখের মধ্যে টিএমইডি-তে প্রেরণের জন্য ডিজি, ডিএমই-কে নির্দেশনা দেয়া হলো।
১৩(ঘ)	সহকারী মৌলভী জনাব আ: ছামাদ কর্তৃক গৃহীত ৪২,২৪৫/- টাকা ফেরতের সুপারিশ আবাস্তবায়িত।	সহকারী মৌলভী জনাব আ: ছামাদ ০১/০১/১৯৭৫ তারিখে বর্ণিত মাদ্রাসায় যোগদান করেন। ০১/০১/১৯৮২ তারিখের পরিপত্র মোতাবেক তিনি ১২ বছর পূর্তিতে উচ্চতর স্কেল/বি.এড স্কেল গ্রহণ করেন এবং পরবর্তীতে ১৯৯৫ তারিখে একই স্কলে ৮ বছর পূর্তিতে টাইম স্কেল প্রাপ্য হন বিধায় তার নামে উত্তোলিত ৪২,২৪৫/- টাকা অফেরৎযোগ্য।	প্রমাণাদি থাকায় বিবেচনা করা যায়।	সহকারী মৌলভী জনাব আ: ছামাদ কর্তৃক গৃহীত ৪২,২৪৫/- টাকা ট্রেজারি চালানের মাধ্যমে সরকারি কোষাগারে জমা প্রদানপূর্বক ট্রেজারি চালানের কপি উপস্থাপন করার শর্তে আপত্তি নিষ্পত্তি করা যেতে পারে।	সহকারী মৌলভী জনাব আ: ছামাদ কর্তৃক গৃহীত ৪২,২৪৫/- টাকা ট্রেজারি চালানের মাধ্যমে সরকারি কোষাগারে ফেরত প্রদানপূর্বক প্রমাণকসহ অনলাইন কপি (সিটিআর)সহ বিএসআর আগামী ০৭/০৪/২০২০ তারিখের মধ্যে টিএমইডি-তে প্রেরণের জন্য ডিজি, ডিএমই-কে নির্দেশনা দেয়া হলো।

০৩. উপরিলিখিত ছকে বর্ণিত ০৬ নং কলামের নির্দেশনা বাস্তবায়ন করে প্রমাণকসহ (সিটিআরসহ) বিএসআর টিএমইডি-তে প্রেরণ করার কথা থাকলেও অদ্যাবধি তা পাওয়া যায়নি যা সুস্পষ্ট সরকারি নির্দেশনা অমান্যের সামিল।

০৪. বর্ণিতাবস্থায়, উপরিউক্ত নির্দেশনা বাস্তবায়ন না করার কারণ ব্যাখ্যাসহ আপত্তিকৃত টাকা সরকারি কোষাগারে জমাপ্রদানপূর্বক

প্রমাণকসহ (সিটিআরসহ) বিএসআর আগামী ৩১.০৮.২০২১ খ্রি. তারিখের মধ্যে টিএমইডি-তে আবশ্যিকভাবে প্রেরণের জন্য নির্দেশক্রমে ৩য় বারের মতো অনুরোধ করা হলো।



১২-৮-২০২১

নূরজাহান বেগম  
সিনিয়র সহকারী সচিব  
ফোন: ৯৫৭৫২৭২

মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ  
গার্লস গাইড এসোসিয়েশন, গাইড হাউজ, ৭ম ও ১০ম  
তলা, নিউ বেইলী রোড, ঢাকা-১০০০।

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.১৪২.১৬.০৩৫.২০-৭৯/১(৮)

তারিখ: ২৮ শ্রাবণ ১৪২৮  
১২ আগস্ট ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব মহোদয়ের একান্ত সচিব (উপসচিব), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।(সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ২) সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩) সভাপতি, উজলী দিঘীরপাড় জামেউল উলুম আলিম মাদ্রাসা, উপজেলা-কাপাসিয়া, জেলা-গাজীপুর।
- ৪) অধ্যক্ষ, উজলী দিঘীরপাড় জামেউল উলুম আলিম মাদ্রাসা, উপজেলা-কাপাসিয়া, জেলা-গাজীপুর।
- ৫) অতিরিক্ত সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। (মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৬) যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। (মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৭) উপ-সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। (মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৮) অফিস কপি, মাষ্টার কপি।



১২-৮-২০২১

নূরজাহান বেগম  
সিনিয়র সহকারী সচিব